# আগষ্ট ২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ঃ জনাব মামুনুর রশিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রায়পুর, লক্ষ্মীপুর।

সভার তারিখ ঃ ২৩.০৮.২০২১ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রায়পুর, লক্ষ্মীপুর।

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী | ২৫-০ ভোটে গত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়। | |
| ২. | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা। | গৃহীত কার্যক্রম সমূহের মধ্যে প্রায় সকল কাজ-ই বাস্তবায়িত হয়েছে। | |
| ৩. | সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা। | নতুন করে সরকারি কোন বিধি আলোচনা বা পর্যালোচনা হয়নি। | |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রায়পুর জানান যে, চলমান পরিস্থিতিতে কোভিড-১৯ সংক্রমন মোকাবেলায় টিকা দান কর্মসূচি চলমান রয়েছে, দুইটি করে টিকা দেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ডেঙ্গু আক্রান্ত কোন রোগী পাওয়া যায়নি। সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং সাবেক মেয়র ও সাধারণ সম্পদক, বাংলাদেশ আওয়ামীলীগ, রায়পুর জানান উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্মস্থলে অবস্থান করেননা, যার ফলে সরকারি হাসপাতালে চিকিৎসা সেবার মান সন্তোষজনক নয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। করোনা পরিস্থিতি মোকাবেলায় জনগণকে টিকা নেওয়ার জন্য আগ্রহী ও এ বিষয়ে সচেতন করাসহ করোনা ও অন্যান্য রোগীদের চিকিৎসা নিশ্চিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>২। বর্তমান পরিস্থিতিতে ডেঙ্গু রোগ ছড়ানোর সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে মেয়র, রায়পুর পৌরসভাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৩। সভাপতি এবং মাননীয় সংসদ সদস্য মহোদয় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কর্মস্থলে অবস্থান না করা এবং হাসপাতালে চিকিৎসা সেবার মান ভালো নয় বিধায় সভায় অসন্তোষ প্রকাশ করেন। | উপজেলা স্বাঃ ও পঃ পঃ কর্মকর্তা/ মেয়র, রায়পুর পৌরসভা/ইউপি চেয়ারম্যান রায়পুর, লক্ষ্মীপুর। |
| ৫. | উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম বিষয়ে উপস্থাপনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, রায়পুর, লক্ষ্মীপুর। |
| ৬. | **উপজেলা প্রকৌশল বিভাগ ঃ** সভায় উপজেলা প্রকৌশলী জানান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ (আংশিক) মেরামত ও সংস্কার (ইন্টারিয়র ডিজাইন), দুটি এসি স্থাপন, টয়লেট মেরামত, রং করণ, টাইলস ও কক্ষ মনোরম করা এবং উপজেলা পরিষদের ভিডিও কনফারেন্স সম্মেলন কক্ষটি অতি জরাজীর্ন হওয়ায় মেরামতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>সভায় তিনি আরও জানান যে, হাজীমার আশ্রায়ন প্রকল্পের ৫০ পরিবারের মধ্যে ২০ পরিবার ও কমিনিউটি গ্রুপের জন্য টয়লেট নির্মাণ এর পরিবর্তে (সংশোধিত) হাজীমার শুখ আলয় প্রকল্পে মাটি ভরাটের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>জাইকা হতে ১৪.০৬.২০২১ তারিখের ৩১২২ নং স্মারক মূলে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন, রাখালিয়া উচ্চ বিদ্যালয়ের ভবন সম্প্রসারণ এবং মাতৃ ও শিশু মৃত্যু রোধে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগে এ্যাম্বুলেন্স প্রদান বাবদ ৪০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বিলম্ব হওয়ার কারণ বিস্তারিত আলোচনা হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ ও উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ(আংশিক) মেরামত ও সংস্কার (ইন্টারিয়র ডিজাইন), দুটি এসি স্থাপন, টয়লেট মেরামত, রং করণ, টাইলস ও কক্ষ মনোরম করা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সম্মেলন কক্ষটি অতি জরাজীর্ন হওয়ায় মেরামতের বিষয়ে অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রায়পুরকে অনুরোধ করা হয়।<br>(২) হাজীমার আশ্রায়ন প্রকল্পের ৫০ পরিবারের মধ্যে ২০ পরিবার ও কমিনিউটি গ্রুপের জন্য টয়লেট নির্মাণ এর পরিবর্তে (সংশোধিত) হাজীমার শুখ আলয় প্রকল্পে মাটি ভরাটের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন, রাখালিয়া উচ্চ বিদ্যালয়ের ভবন সম্প্রসারণ এবং মাতৃ ও শিশু মৃত্যু রোধে উপজেলা পরিষদের তত্ত্বাবধানে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগে বিধি মোতাবেক এ্যাম্বুলেন্স ক্রয়ের দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় উপজেলা প্রকৌশলী, রায়পুরকে অনুরোধ করা হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সকল ইউপি চেয়ারম্যান/সংশ্লিষ্ট ঠিকাদার |

| | | | |
|---|---|---|---|
| | ভূমিহীন গৃহহীনদের জন্য 'ক' শ্রেণির নির্মিতব্য ঘরসমূহের নির্মানাসামগ্রী এবং নির্মাণ কাজ যথাসময়ে প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী সুষ্টু ভাবে বাস্তবায়ন এবং মনিটরিংএর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৩। ভূমিহীন গৃহহীনদের জন্য 'ক' শ্রেণির নির্মিতব্য ঘরসমূহের নির্মানাসামগ্রী এবং নির্মাণ কাজ যথাসময়ে প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী সুষ্টু ভাবে বাস্তবায়ন ও মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রায়পুরকে অনুরোধ করা হয়। | |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। কোন সমস্যা নেই। | হাঁস মুরগী কিংবা গবাদি পশু থেকে করোনা ভাইরাস ছড়ানোর কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রায়পুর কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রায়পুর, লক্ষীপুর। |
| ৮. | উপজেলা মৎস্য বিভাগ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান আগামী ২৮/০৮/২০২১ খ্রি. তারিখ হতে ০৩/০৯/২০২১ খ্রি. পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদ্‌যাপন কার হবে। ১০জন মৎস্যজীবি সুফল ভোগীকে ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প হতে পরিবার প্রতি ২৫,০০০/- মূল্যমানের উপকরণ সহায়তা প্রদান করা হবে এবং আগামী ০৯/০৯/২০২১ খ্রি তারিখ ডাকাতিয়া নদী জলমহালে পোনা মাছ অবমুক্ত করণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদ্‌যাপনের সফল আয়োজন, এবং ডাকাতিয়া নদী জলমহাল ও আশ্রয়ণ প্রকল্পের পুকুরসমূহে রেনু পোনা ছাড়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রায়পুরকে অনুরোধ করা হয়। পাশাপাশি মাননীয় প্রধাপনমন্ত্রীর প্রণোদনা (পরিবার প্রতি ২৫০০০/-) প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান এর প্রত্যয়নসহ সুফলভোগী প্রকৃত মৎস্যজীবির তালিকা স্বচ্ছতার সহিত প্রণয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রায়পুর, লক্ষীপুর। |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ সভায় জানান যে, নিয়মিত জুম মিটিং, অভিভাবকগণের সাথে সমন্বয় এবং ছাত্র ছাত্রীদের এসাইনমেন্ট ও সার্বিক যোগযোগ রক্ষার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০২২ সালে এস এস সি ও এইচ এস সি পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য, নিয়মিত জুম মিটিং, অভিভাবকগণের সাথে সমন্বয় এবং ছাত্র-ছাত্রীদের এসাইনমেন্ট ও সার্বিক যোগযোগ রক্ষার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রায়পুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রায়পুর, লক্ষীপুর। |
| ১০ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা, রায়পুর সভায় জানান যে, গুগল মিট এপ্‌স এর মাধ্যমে সকল শিক্ষকগণ শিক্ষার্থীদের সংযুক্ত করে নিয়মিত পাঠদান কার্যক্রম চলছে। শিক্ষকগণ নিয়মিত অভিভাবক ও শিক্ষার্থীদের সাথে পড়ালেখার অগ্রগতি জানার জন্য ফোনে যোগাযোগ করছেন। NAPE কর্তৃক প্রেরিত ওয়ার্কশীট শিক্ষার্থীদের হাতে পৌছানো হচ্ছে এবং তা সংগ্রহ পূর্বক মূল্যায়ন করে রেকর্ড সংরক্ষণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | শিক্ষকদের সাথে নিয়মিত জুম মিটিং , গুগুলের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সাথে ক্লাস নেওয়া সময় শিক্ষার্থীদের অভিভাবক যেন মোবাইলে যুক্ত থাকেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার রায়পুরকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রায়পুর, লক্ষীপুর |
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ ঃ পৌরসভায় ও এম এস এর চাল বিতরণ, ৪জন ডিলার শীপের মাধ্যমে ভিজি এফ চাল বিতরন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ভি জি এফ কার্যক্রম মনিটরিং করা এবং এর চাল যেন খাবার অযোগ্য না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রায়পুর কে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রায়পুর, লক্ষীপুর |
| ১২ | উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান রায়পুর উপজেলায় শতভাগ ভাতাভোগীরা অনলাইনের আওতায় আনা হয়েছে। বয়স্ক বিধবা প্রতিবন্ধী যাদের আবেদন অনলাইনে হবে। তাদের জন্যই বরাদ্দ পাওয়া যাবে। এ বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যাগণের সহযোগিতা একান্ত প্রয়োজন। যুদ্ধাহত বীরমুক্তিযোদ্ধা, শহীদ বীরমুক্তিযোদ্ধা ও খেতাব প্রাপ্ত বীরমুক্তিযোদ্ধাদের জন্য রেশন পাওয়ার আবেদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রত্যেক ভাতা ভোগীর নিকট যেন তার প্রাপ্য ভাতা পৌছে এবং যুদ্ধাহত বীরমুক্তিযোদ্ধা, শহীদ বীরমুক্তিযোদ্ধা ও খেতাব প্রাপ্ত বীরমুক্তিযোদ্ধাদের জন্য রেশন পাওয়ার আবেদনের সংক্রান্ত তথ্য যেন সবাই জানতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা রায়পুর, লক্ষীপুর |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান অর্থ বছরে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ঋণ প্রদান এবং ৩০ জন বেকার যুবককে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিভাগীয় কার্যক্রম যথারীতি সম্পন্ন করণ, ঋণ বিতরণ ও আদায়ে যেন কোন অনিয়ম না হয় এবং যুব প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণ নেয়ার বিষয়ে যুবদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রায়পুর, লক্ষীপুর |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, সেবা গ্রহণকারীদের মধ্যে ০৬ জন স্থায়ী পদ্ধতি, ৫৫ জন আইইউডি, ২৪,২১৬ জন খাবার বড়ি, ১০৫১৭ জন ইনজেকশান ও ২১৮ জন প্রাতিষ্ঠানিক ডেলিভারি গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই । | করোনা কালীন সময়ে জন সচেতনতা বৃদ্ধি ও কর্মস্থলে উপস্থিত থেকে সেবা প্রদানের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়পুরকে অনুরোধ করা হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, রায়পুর |
| ১৫ | উপজেলা সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই । | জরুরী ফাইল যথাসময়ে নিষ্পত্তি ও জনগণকে হয়রানিমুক্ত সেবা প্রদানের উপজেলা সমবায় কর্মকর্ত, রায়পুরকে অনুরোধ করা হয়। | উঃ সমবায় কর্মকর্তা রায়পুর, লক্ষ্মীপুর |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, আদমশুমারীর জন্য জনবল নিয়োগ এবং বাছাই পরীক্ষার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই । | আদমশুমারীর জন্য জনবল নিয়োগ এবং বাছাই পরীক্ষায় যেন কোন অনিয়ম না হয় সে বিষয়ে উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা রায়পুর, লক্ষ্মীপুর |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান করোনা পরিস্থিতে সকল প্রশিক্ষণ বন্ধ রাখা হয়েছে এবং ভিজিডি চাল যথানিয়মে বিতরণ করা হচ্ছে। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই । | ভিজিডি চাল যথানিয়মে বিতরণে যেন কোন অনিয়ম না হয় সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রায়পুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রায়পুর, লক্ষ্মীপুর |
| ১৮ | উপজেলা রেঞ্জ (বন) বিভাগ ঃ উপজেলা রেঞ্জ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই । | জরুরী ফাইল যথাসময়ে নিষ্পত্তি ও জনগণকে হয়রানিমুক্ত সেবা প্রদানের উপজেলা সমবায় কর্মকর্ত, রায়পুরকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, রায়পুর, লক্ষ্মীপুর |
| ১৯ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সভায় জানান মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্পের রায়পুর উপজেলার ০৪টি স্পটে নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। তবে উদমারা ও কারিমিয়ায় এখনও নলকূপ স্থাপন কার্যক্রম শুরু হয়নি। | আশ্রয়ণ প্রকল্পের রায়পুর উপজেলার ০৪টি স্পটে দ্রুত নলকূপ স্থাপন কার্যক্রম সম্পন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয় | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, রায়পুর। |
| ২০ | তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, রায়পুর : উপজেলা সকল দপ্তর আগামী সভার পুর্বে ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ তথ্য নেই সে সকল দপ্তরের সাথে যোগাযোগ করে ওয়েবপোর্টাল হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, রায়পুরকে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, রায়পুর |
| ২১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান টি আর কাবিখা বরাদ্দ পাওয়া গিয়েছে। ত্রাণের বরাদ্দ পাওয়া গিয়েছে, এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের ১ম কিস্তির টিআর কাবিখা এর বরাদ্দের অনুকূলে প্রকল্প গ্রহণের কার্যক্রম চুড়ান্ত পর্যায়ে আছে। এছাড়া বিভিন্ন বরাদ্দ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। ত্রাণ বিতরণের জন্য অসহায় ও করোনায় ক্ষতি গ্রস্থদের তালিকা এবং মাস্টার রোলসহ সুষ্ঠ ভাবে ত্রাণ বিতরণ ও সকল জি এর ক্যাশ, নগদ, চাল, প্রণোদনার কার্যক্রম সম্পন্ন করার নিমিত্ত প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। পাশাপাশি সকল ত্রাণ ও প্রনোদনা কার্যক্রমে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।<br>৩। টিআরসহ সকল উন্নয়ন কাজের জন্য আবশ্যিকভাবে নেইম প্লেট লাগানোর বিষয়ে সভায় উপস্থিতি সকলে একমত পোষণ করেন এবং যে কাজের নেইম প্লেট থাকবেনা সে কাজের চুড়ান্ত বিল ছাড় না করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪। প্রত্যেক বরাদ্দের ক্ষেত্রে তালিকা যাচাই করে বিধি মোতাবেক বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রায়পুরকে অনুরোধ করা হয়। | পিআইও/ চেয়ারম্যানগণ রায়পুর, লক্ষ্মীপুর |

| | | | |
|---|---|---|---|
| ২২ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম বিষয়ে উপস্থাপনের জন্য আনসার ভিডিপি কর্মকর্তা, রায়পুরকে অনুরোধ করা হয়। | আনসার ভি ডিপি কর্মকর্তা, রায়পুর, লক্ষ্মীপুর |
| ২৩ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ প্রধান মন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প গৃহহীনদের আশ্রয়ণ প্রকল্পের প্রতিটি ঘরে ঘরে বিদ্যুৎ পৌছানোর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>সভায় জানান যে, রায়পুর বাজার হতে উপজেলা পরিষদ , রায়পুর পর্যন্ত সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ রাখার লক্ষ্যে ভি আই পি লাইন নির্মাণের জন্য এবং উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের জন্য মাননীয় সংসদ সদস্য ০৮টি এসি প্রদান করার প্রেক্ষিতে নতুন করে মিটার স্থাপন এবং এ সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। আশ্রয়ণ প্রকল্পের যে সকল ঘর সম্পন্ন হয়েছে, সে সকল ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎকে অনুরোধ করা হয়।<br>২। দৈনন্দিন সরকারী কাজ সম্পন্ন করার লক্ষ্যে রায়পুর বাজার হতে রায়পুর উপজেলা পরিষদ পর্যন্ত সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ রাখার লক্ষ্যে ভি আই পি লাইন নির্মাণ এবং এবং উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের জন্য মাননীয় সংসদ সদস্য ০৮টি এসি প্রদান করার প্রেক্ষিতে নতুন করে মিটার স্থাপন ও এ সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ করা হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ রায়পুর, লক্ষ্মীপুর |
| ২৪ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সহ বিভাগীয় কার্যক্রম যথাসময়ে যথারীতি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রায়পুর, লক্ষ্মীপুর |
| ২৫ | আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার জানান যে, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। কোন সমস্যা নেই। | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সহ বিভাগীয় কার্যক্রম যথাসময়ে যথারীতি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় | সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার। রায়পুর, লক্ষ্মীপুর |
| ২৬ | উপজেলা দারিদ্র বিমোচন বিভাগঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। | শত ভাগ ঋণ আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য দারিদ্র বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা রায়পুর, লক্ষ্মীপুর |
| ২৭ | রিসোর্স সেন্টার ঃ ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টর, রায়পুর সভায় জানান বিভাগীয় কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টর |
| ২৮ | শিক্ষা প্রকৌশল বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ, রায়পুর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। দীর্ঘ উপজেলার মাসিক সভায় অনুপস্থিত থাকার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষেকে অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | দীর্ঘ উপজেলার মাসিক সভায় অনুপস্থিত থাকার বিষয়ে উর্ধ্বতন কর্তৃক পক্ষেকে অবহিত করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ, রায়পুর। |
| ২৯ | ইসলামিক ফাউন্ডেশন বিভাগ ঃ সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম বিষয়ে উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। | সুপার, ইসলামিক ফাউন্ডেশন, রায়পুর |
| ৩০ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের বিষয় :<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা সভায় জানান ১৯-২০ অর্থ বছরের প্রকল্প সমূহের অনুমোদন আসছে। ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট প্রণয়ণ হয়নি এবং স্থায়ী কমিটির সভার রেজুলেশন যায়নি। পঞ্চবার্ষিকীর জন্য স্থায়ী কমিটির রেজুলেশন প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>২০২০-২০২১ অর্থবছরের আওতায় সকল প্রশিক্ষণ সম্পন্ন করা এবং প্রকল্প গ্রহণ করে প্রাক্কলন দ্রুততার সাথে প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়। | (১) ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট প্রণয়ণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আগামী সভার পুর্বে স্থায়ী কমিটির সভার রেজুলেশন উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।<br>(২) ২০২০-২০২১ অর্থবছরের আওতায় সকল প্রশিক্ষণ সম্পন্ন করা এবং প্রকল্প গ্রহণ করে প্রাক্কলন দ্রুততার সাথে প্রস্তুত করার বিষয়ে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান |

| | | | |
|---|---|---|---|
| ৩১ | বিবিধ ঃ (১) ইউনিয়ন পরিষদ সমূহের মাসিক সভার কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>(২) উপজেলা পরিষদ কর্মরত এম এল এস এস এর দীর্ঘদিন দৈনিক ভাতা বন্ধের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>(৩) উপজেলা পরিষদের পরিত্যক্ত মালামাল ( জ্বালানী কাঠ, হাই কমেট, বেসিন, টিন, ফ্যান, কাঠের চেয়ার, প্লাষ্টিক চেয়ার, মটর ও অন্যান্য) নিলামে বিক্রির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। ইউনিয়ন পরিষদ সমূহের মাসিক সভার কার্যবিবরণী নিয়মিতভাবে উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>২। উপজেলা পরিষদ কর্মরত এম এল এস এস এর দীর্ঘদিন দৈনিক ভাতা বন্ধের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনার জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) উপজেলা পরিষদের পরিত্যক্ত মালামাল নিলামে বিক্রির বিষয়ে জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল ইউপি চেয়ারম্যান, রায়পুর, লক্ষ্মীপুর। |

৩২। প্রত্যেক মাসের সভায় বিভাগীয় কর্মপত্র সভার পূর্বের দিন এবং সংশ্লিষ্ট সহকারীর নিকট পৌছানোর ব্যবস্থা করার জন্য সভার পক্ষ হতে সকলকে অনুরোধ করা হলো।

৩৩। প্রত্যেক মাসের সভা শেষ হওয়ার ০৭ ( সাত) দিনের মধ্যে তাঁহার বিভাগের আলোচ্য বিষয়, সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষের নাম সহ ছক অনুযায়ী দাখিল করার জন্য সকলকে পুনঃ অনুরোধ করা হলো।

৩৪। উপজেলা নির্বাহী অফিসার সম্মানিত সদস্যগণকে ধৈর্য সহকারে এ সভায় সংযুক্ত থেকে বিভাগীয় কার্যক্রম ও উন্নয়ন সম্পর্কে অবহিত করা, আলোচনা করা, পরামর্শ প্রদান এবং সিদ্ধান্ত গ্রহণ করার জন্য ধন্যবাদ জানান

৩৫। সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণকারী সকলকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার অনুরোধ জানান। তিনি সকলের আন্তরিক প্রচেষ্টা ও সমন্বয় সাধনের মাধ্যমে কাজ করার জন্য আহবান জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন।

৩৬। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.৮.২০২১
(মামুনুর রশিদ)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
উপজেলা পরিষদ
রায়পুর, লক্ষ্মীপুর।

স্মারক নং- ০৫.৪২.৫১৫৮.০০১.০৬.০০১.২০২১ - ৫২৫/১

তারিখঃ ২৩.০৮.২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-২, রায়পুর, লক্ষ্মীপুর
২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
৪। উপ পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
৫। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . (সকল) কর্মকর্তা, রায়পুর,লক্ষ্মীপুর।
৭। চেয়ারম্যান. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ...................... (সকল) ইউপি, রায়পুব, লক্ষ্মীপুর।
৮। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .............................. রায়পুর, লক্ষ্মীপুর।

২৩/০৮/২০২১
(সাবরীন চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
রায়পুর, লক্ষ্মীপুর
মোবাঃ ০১৭৮৮৫৭৭৭১১
ই-মেইল unoraipur@gmail.com